

বিজিএ/কাস/২০২৩/২৯৩

১৪ সেপ্টেম্বর, ২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিবন্ধন সনদ নবায়নের মেয়াদ বৃদ্ধিকরণ প্রসঙ্গে।


সূত্রঃ রপ্তানি উন্নয়ন ব্যুরোর বিজ্ঞপ্তি নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.১৯/৫১৭৫ তারিখঃ ১১/০৯/২০২৩।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। যে সকল রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠান ২০২৩-২০২৪ অর্থবছরে রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) নিবন্ধন সনদ নবায়নের নিমিত্তে গত ৩১/০৮/২০২৩ইং তারিখের মধ্যে ইপিবি'তে আবেদন করতে সক্ষম হয়নি সে সকল প্রতিষ্ঠান'কে আগামী ৩১/০৯/২০২৩ইং তারিখের মধ্যে নির্ধারিত নিবন্ধন নবায়ন ফি জমা দিয়ে REX এর বকেয়া পরিশোধ সাপেক্ষে প্রয়োজনীয় হালমেয়াদী কাগজপত্রের কপিসহ আবেদন পত্র ems.epb.gov.bd এই ওয়েব সাইটে Log in করে দাখিল পূর্বক নবায়ন করার বিষয়ে একমাস সময় (৩১/০৮/২০২৩ থেকে ৩১/০৯/২০২৩ পর্যন্ত) বৃদ্ধি করে ইপিবি সূত্রোক্ত বিজ্ঞপ্তি জারী করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে ইপিবি কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

ধন্যবাদান্তে,



স্বাক্ষরঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

— বাংলাদেশ তৈরি —

রপ্তানি উন্নয়ন ব্যুরো

টিসিবি ভবন

১, কাওরান বাজার

ঢাকা-১২১৫।



নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.১৯/ ৫২৭৫

তারিখঃ ১১-০৯-২০২৩ খ্রিঃ


বিজ্ঞপ্তি

এতদ্বারা রপ্তানি উন্নয়ন ব্যুরোতে নিবন্ধিত তৈরী পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থবছর হতে পরবর্তী ০১-০৫ (প্রয়োজন মত) বছর মেয়াদী ইপিবি নিবন্ধন সনদ নবায়নের নিমিত্ত গত ৩১-০৮-২০২৩ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করার সময় নির্ধারিত ছিল। যে সকল প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে আবেদন করতে সক্ষম হয়নি সে সকল প্রতিষ্ঠানকে আগামী ৩০-০৯-২০২৩ তারিখের মধ্যে নির্ধারিত নবায়ন ফি (বিলম্ব ফি ব্যতীত) জমা দিয়ে ems.epb.gov.bd এই ওয়েব সাইটে Log in করে সকল হালমেয়াদী ডকুমেন্টস আপলোড করে REX এর বকেয়া পরিশোধ সাপেক্ষে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

০২। যে সকল প্রতিষ্ঠান ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিল করতে ব্যর্থ হবে ঐ সকল প্রতিষ্ঠানকে নির্ধারিত নবায়ন ফি ভ্যাটসহ (৩,০০০+৪৫০)=৩৪৫০/- (তিন হাজার চারশত পঞ্চাশ) ও বিলম্ব ফি ভ্যাটসহ (২,০০০+৩০০)=২৩০০/- (দুই হাজার তিনশত) টাকা সহ সর্বমোট টাঃ ৩৪৫০+২৩০০= ৫,৭৫০/- (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) (শ্রুতি বছর) টাকার পে-স্লিপসহ প্রয়োজনীয় হালমেয়াদী ডকুমেন্টস দাখিল করে নিবন্ধন নবায়ন গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৩। আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের পরে নিবন্ধন নবায়ন ব্যতীত রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে প্রদেয় জিএসপি, সিও, সাপটা, সাফটা, আগটা সনদ প্রদান ও REX বিষয়ক পরিসেবা স্থগিত থাকবে।

০৪। বিজিএমইএ ও বিকেএমইএ এবং অন্যান্য সমিতির সদস্যভুক্ত যে সকল প্রতিষ্ঠান রপ্তানি উন্নয়ন ব্যুরোর আঞ্চলিক ও শাখা অফিসে সেবা গ্রহণ করে থাকে ঐ সকল প্রতিষ্ঠান স্ব-স্ব সার্ভিস অফিস Select করে আবেদন করতে পারবে।


(মাহমুদুল হাসান)
পরিচালক (বস্ত্র)

বিতরণ (কার্যার্থে ও জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সভাপতি, বিজিএমইএ, কমপ্লেক্স, হাউজ# ৭/৭এ, ব্লক# এইচ ১, সেক্টর# ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
- ০২। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।
- ০৩। সভাপতি, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৪র্থ তলা), ঢাকা।
- ০৪। সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৩য় তলা), ঢাকা।
- ০৫। সভাপতি, বিটিএমএ, ইউনিক ফ্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পাহুপথ, কাওরান বাজার, ঢাকা।
- ০৬। পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, চট্টগ্রাম।
- ০৭। পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, খুলনা।
- ০৮। পরিচালক(নীতি), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ০৯। উপ-পরিচালক (অর্থ), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ১০। গবেষণা কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো, রাজশাহী
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো, সিলেট ও কুমিল্লা।
- ১২। গবেষণা কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো, নারায়নগঞ্জ।
- ১৩। প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তিটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১৪। স্টাফ অফিসার টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। পি এ টু মহাপরিচালক-২, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

আপনার সমিতির সদস্যদের মধ্যে
প্রচারের জন্য অনুরোধ করা হলো।